

১২ ফেসবুক পেজ ও আইডির বিরুদ্ধে ডাকসু ভিপির মামলা

চারি প্রতিনিধি

০২ ডিসেম্বর ২০২৫, ০৯:২৭ এএম



অনলাইনে অপপ্রচারের শিকার হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সহ-সভাপতি (ভিপি) সাদিক কায়েম। মিথ্যা ও বানোয়াট তথ্য দিয়ে এই অপপ্রচারকারী ১২টি ফেসবুক পেজ ও আইডির বিরুদ্ধে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) কার্যালয়ে গিয়ে মামলা করেছেন তিনি।

গতকাল মামলার পর ডিবি কার্যালয়ের গেটে ব্রিফিং করে এ তথ্য জানান তিনি। এ সময় ডাকসুর অন্য নেতারা তাঁর সঙ্গে ছিলেন। ডিবিতে মামলায় যে ১২টি ফেসবুকের পেজ ও আইডি দিয়েছে সেগুলো হলো- ডাকসু কর্তৃপক্ষ, বঙ্গেগ্রাফ, আমার ডাকসু, দ্য ন্যাশনালিস্ট ডাটা, কাঁঠেরকেল্লা, রৌমারি, বঙ্গইনসাইডার্স (বিভিন্ন সময় নাম পরিবর্তন), ইয়ার্কি ও বটজিপিটি নামে ৯টি পেজ। এ ছাড়া রয়েছে তিনটি আইডিও।

মামলা

ডাকসু ভিপি